

## ৬ দিন পর সচল ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 23 June, 2022



টানা ছয় দিন বন্ধ থাকার পর সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে ফ্লাইট ওঠা-নামা শুরু হয়েছে।

বৃহস্পতিবার (২৩ জুন) সকাল থেকে যথারীতি ফ্লাইট চালুর বিষয়টি নিশ্চিত করেন বিমানবন্দরের ম্যানেজার আব্দুস সাত্তার।

এই প্রতিবেদকের সঙ্গে আলাপকালে তিনি বলেন, আজ সকাল থেকে আমাদের বিমানবন্দরে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সব বুটেই বিমান উড্ডয়ন ও অবতরণ শুরু হয়েছে। সকাল থেকে অভ্যন্তরীণ সব সরকারি ও বেসরকারি বিমানের পাশাপাশি দুপুর ১২.৩৫ মিনিটে যুক্তরাজ্যের ম্যানচেস্টারের উদ্দেশে সিলেট আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করেছে বাংলাদেশ বিমান।

এর আগে গত শুক্রবার (১৮ জুন) বিমানবন্দরের রানওয়েতে বন্যার পানি প্রবেশ করায় সব ধরনের ফ্লাইট বাতিল ঘোষণা করে বিমানবন্দর কর্তৃপক্ষ।

-B